# সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৩০৮৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৩২০]

১৬। হজ্জ (كتاب الحج)

পরিচ্ছেদঃ ৬৩. উটকে দণ্ডায়মান অবস্থায় কুরবানী করা মুস্তাহাব

باب نَحْرِ الْبُدْنِ قِيَامًا مُقَيَّدَةً

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ يَحْيَى، أَخْبَرَنَا خَالِدُ بْنُ عَبْدِ اللَّهِ، عَنْ يُونُسَ، عَنْ زِيَادِ بْنِ جُبَيْرٍ، أَنَّ ابْنَ عُمَرَ، أَتَى عَلَى رَجُلٍ وَهُوَ يَنْحَرُ بَدَنَتَهُ بَارِكَةً فَقَالَ ابْعَثْهَا قِيَامًا مُقَيَّدَةً سُنَّةَ نَبِيِّكُمْ صلى الله عليه وسلم .

বাংলা

৩০৮৪-(৩৫৮/১৩২০) ইয়াহইয়া ইবনু ইয়াহইয়া (রহঃ) ..... যিয়াদ ইবনু জুবায়র (রহঃ) থেকে বর্ণিত যে, ইবনু উমর (রাযিঃ) এক ব্যক্তির কাছে এলেন। সে তার উটকে বসিয়ে কুরবানী করার প্রস্তুতি নিচ্ছিল। তিনি বললেন, এটাকে দাঁড় করিয়ে কুরবানী কর। এটাই তোমাদের নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সুন্নাত।* (ইসলামিক ফাউন্ডেশন ৩০৫৯, ইসলামীক সেন্টার ৩০৫৬)

## English

Ziyad b. Jubair reported that Ibn 'Umar came upon a person who was slaughtering (sacrificing) his camel and had made him kneel down. So he told him to make it stand up festered (and then sacrifice it) according to the Sunnah of the Prophet (ﷺ).

ফুটনোট

* উটের বাম পা দু'টি বেঁধে দিয়ে দাঁড়ানো অবস্থায় নহর তথা কুরবানী করা সুন্নাত। দু' পা বাঁধার কারণে উট তিন পায়ে দাঁড়িয়ে থাকবে। ছাগল এবং গরুকে কাত করে শুইয়ে ফেলে যাবাহ করা উচিত এবং গরুর তিন পা বেঁধে নিয়ে ডানপাশ্বের এক পা খোলা রাখবে। ইমাম শাফিঈ, মালিক, আহমাদ ও জমহুরের মতে উটকে দাঁড়িয়ে কুরবানী করা সুন্নাত। ইমাম আবূ হানিফা ও সাওরীর মতে দাঁড়িয়ে বা বসিয়ে উভয় অবস্থায় কুরবানী একই বরাবর। কিন্তু এটা হাদীসের বিপরীত, বিধায় প্রত্যাখ্যাত, বাতিল।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ যায়দ ইবনু জুবাইর (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=50167

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন